ছোট বোনের ফেসবুক পোস্ট ঘিরে গুঞ্জন, আ.লীগে ফিরছেন সোহেল তাজ

চেম্বার ডেস্ক:: সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমদ সোহেল তাজ আওয়ামী লীগের রাজনীতিতে ফিরছেন বলে আলোচনা উঠেছে। আলোচনার সূত্রপাত ঘটিয়েছেন তার ছোট বোন মাহজাবিন আহমদ মিমি।

শুক্রবার (১২ আগস্ট) তার ফেসবুক টাইমলাইনে একটি স্ট্যাটাসে তিনি লেখেন, ‘বাংলাদেশ আওয়ামী লীগের আসন্ন কাউন্সিল অধিবেশনে তানজিম আহমদ (সোহেল তাজ) দলীয় নেতৃত্বে আসছেন ইনশাআল্লাহ। জয় বাংলা! জয় বঙ্গবন্ধু! জয়তু শেখ হাসিনা! বাংলাদেশ চিরজীবী হোক।’

এই স্ট্যাটাসের সূত্র ধরে আওয়ামী লীগের একাধিক নেতার সঙ্গে যোগাযোগ করা হলে বিষয়টি নিয়ে কেউ মন্তব্য করতে রাজি হননি। তবে নাম প্রকাশে অনিচ্ছুক আওয়ামী লীগের কেন্দ্রীয় দুই জন নেতা বলেন, এটা আমাদের নেত্রীর বিষয়। নেত্রী যদি মনে করেন, তাকে দলে আনতেই পারেন। এ বিষয়ে আমাদের মন্তব্য করার সুযোগ নেই।

এ ব্যাপারে সোহেল তাজের সঙ্গে একাধিকবার মোবাইল ফোনে যোগাযোগ করেও পাওয়া যায়নি।

বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের একমাত্র পুত্র তানজিম আহমদ সোহেল তাজ। এক দশক আগে রাজনীতি থেকে বিদায় নেন তিনি। আগামী ডিসেম্বরে অনুষ্ঠেয় ক্ষমতাসীন আওয়ামী লীগের জাতীয় সম্মেলনে গুরুত্বপূর্ণ পদে আসছেন বলে নতুন করে আলোচনা শুরু হয়েছে। সোহেল তাজ ২০০১ সালের জাতীয় নির্বাচনে গাজীপুর-৪ (কাপাসিয়া) থেকে প্রথমবার সংসদ সদস্য নির্বাচিত হন। ২০০৮ সালে একই আসন থেকে আবারও নির্বাচিত হন। ২০০৯ সালের ৬ জানুয়ারি আওয়ামী লীগ নেতৃত্বাধীন মন্ত্রিসভায় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর দায়িত্ব পান সোহেল তাজ। তবে সেই পদে তিনি বেশি দিন থাকেননি। ওই বছরের ৩১ মে মন্ত্রিসভা থেকে ব্যক্তিগত কারণে তিনি পদত্যাগ করেন। আর ২০১২ সালের ২৩ এপ্রিল সংসদ সদস্য পদ থেকেও পদত্যাগ করেন তিনি। এরপর থেকে রাজনীতি থেকে দূরে রয়েছেন সোহেল তাজ।